



ভোট কারচুপি ছাড়া জামায়াত ক্ষমতায় আসা অসম্ভব: হর্ষবর্ধন শ্রিংলা



সংগৃহীত ছবি

বাংলাদেশে নির্বাচন যদি অবাধ ও সুষ্ঠু হয়, তাহলে জামায়াতে ইসলামীর ক্ষমতায় আসার সম্ভাবনা কম—এমন মন্তব্য করেছেন ঢাকায় ভারতের সাবেক হাইকমিশনার ও বর্তমান রাজ্যসভার সদস্য হর্ষবর্ধন শ্রিংলা। তাঁর মতে, নির্বাচনে কারচুপি হলে পরিস্থিতি ভিন্ন হতে পারে।

গুক্রবার (২৩ জানুয়ারি) ভারতের দার্জিলিংয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শ্রিংলা বলেন, দলটির ভোটভিত্তি আনুমানিক পাঁচ থেকে সাত শতাংশ; তাও অন্য রাজনৈতিক শক্তির সহায়তায়। তিনি আরও উল্লেখ করেন, ভারত সরকার চাইছে বাংলাদেশের নির্বাচনে সব রাজনৈতিক দলের অংশগ্রহণ নিশ্চিত হোক, তবে বাস্তবে সে চিত্র দেখা যাচ্ছে না। এ সময় টি-২০ বিশ্বকাপে ভারতে বাংলাদেশ দলের খেলতে অনীহা নিয়েও কথা বলেন তিনি। শ্রিংলার ভাষ্য, বর্তমান অন্তর্বর্তী সরকারের এমন সিদ্ধান্ত দেশের ক্রীড়াঙ্গনের জন্য অনুকূল নয় এবং এর প্রভাব দীর্ঘমেয়াদে পড়তে পারে।

LENS ASIA